ফটোকপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

এবং

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭-জুন ৩০, ২০১৮

# সূচিপত্র

সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................ ৪

সেকশন ১: সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশনঃ ২ সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcom/Impact)......................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .............................. ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............................................................................... ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী ইউনিট এবং পরিমাপ পদ্ধতি......................................... ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ..... ১৬

## সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ:

রাজউক আওতাধীন এলাকায় যুগোপযোগী নগর পরিকল্পনা, নাগরিক সমস্যা লাঘব ও পরিকল্পিত আবাসনের ক্ষেত্রে বিগত ৩(তিন) বছরে রাজউকের উল্লেখযোগ্য অর্জন রয়েছে। ADB অর্থায়নে City Region Developement Project এর আওতায় প্রণীত প্রস্তাবিত Revised Dhaka Structure Plan (2016-2035) ৭ জুলাই, ২০১৫ তারিখে জনসাধারণের মতামতের জন্য উন্মুক্ত করা হয়। বিভিন্ন শ্রেণী পেশার নাগরিক, জনপ্রতিনিধি, সুশীল সমাজ, পরিবেশবাদী সংগঠন ও বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে চূড়ান্তভাবে প্রস্তাবিত Dhaka Structure Plan (2016-2035) বর্তমানে অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। Structure Plan এর ভিত্তিতে মৌজা ম্যাপে ভূমি ব্যবহার পরিকল্পনা সুনির্দিষ্টকরণ এবং জনবান্ধব নাগরিক সুবিধা নিশ্চিতকরণে রাজউকের নিজস্ব অর্থায়নে Detailed Area Plan (2016-35) প্রকল্পের আওতায় বিস্তারিত জরীপ কাজ ডিসেম্বর, ২০১৬ তে সম্পন্ন হয়। চূড়ান্ত Detailed Area Plan (2016-35) প্রণয়ন কাজ ডিসেম্বর, ২০১৭ নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়। রাজউক বিগত তিন বছরে পূর্বাচল নতুন শহর, উত্তরা ৩য় পর্ব এবং ঝিলমিল আবাসিক প্রকল্প এলাকায় প্রায় ১২০০০ আবাসিক প্লট বরাদ্দগ্রহিতাদের নিকট হস্তান্তর করেছে। উক্ত সময়কালে উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের 'এ' ব্লকে ৭৯টি ভবনের মধ্যে ৫৭টি ভবনের ১৬ তলা কাঠামো সম্পন্ন হয়ে ফিনিশিং কাজ চলমান আছে। ১৮টি ভবনের ১২ তলা হতে ১৫ তলা কাঠামো নির্মিত হয়েছে এবং ৪টি ভবনের ফাউন্ডেশনের কাজ সম্পন্ন হয়েছে। জিওবি অর্থায়নে মাদানী এভিনিউ এর প্রগতি সরণি ইন্টারসেকশন হতে পূর্বদিকে বালু নদী পর্যন্ত ৪টি ব্রীজসহ মোট ৬.১৮৮ কি.মি. দীর্ঘ সড়কের নির্মাণ কাজ জুন, ২০১৫ তে সম্পন্ন হয়। নবনির্মিত সড়কটি ঢাকা-সিলেট রোডের ডুলতা ইন্টারসেকশন পর্যন্ত সম্প্রসারণ করার লক্ষ্যে নতুন প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। হাতিরঝিল সমন্বিত উন্নয়ন প্রকল্পের আওতায় প্রগতি সরণি হতে রামপুরা টিভি ভবনের সামনে ইউলুপ (দক্ষিণ) নির্মাণ কাজ সম্পন্নের পর গত ২৫ জুন /২০১৬ খ্রিঃ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক যান চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। একই প্রকল্পের আওতায় বাংলা নববর্ষ/২০২৪ এর প্রাক্কালে গত ১৩.০৪.২০১৭ ইং এম্পিথিয়েটার ও মিউজিক্যাল ওয়াটার ড্যান্সিং ফাউনটেইন মাননীয় প্রধানমন্ত্রী টেলিকনফারেন্সিং এর মাধ্যমে উদ্বোধন করেন। নাগরিক সেবার মানোন্নয়ন ও সহজিকরণ, উন্নয়ন নিয়ন্ত্রন, ডিজিটাইজেশন, প্রাতিষ্ঠনিক স্বচ্ছতা ও জবাবদিহিতার উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। গত ২২.১২.২০১৫ খ্রিঃ তারিখে IFC (World Bank) এর সহায়তায় অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র ও ইমারত নির্মাণ অনুমোদন সেবা উদ্বোধন করা হয়। প্রাথমিক পর্যায়ে ঢাকা মহানগরীর ধানমন্ডি ও লালবাগ এলাকার জন্য এ সেবা চালু করা হয়েছে। এছাড়া আবাসিক ভবনের বাণিজ্যিক ব্যবহার বন্ধ, কার পার্কিং স্পেসের অননুমোদিত ভিন্নতর ব্যবহার রোধ ও ভবন পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে।

<u>সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:</u>

বিভিন্ন শ্রেণি পেশার মানুষের জন্য আবাসনের সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে সারাদেশে যে সকল আবাসন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয় বেশিরভাগ ক্ষেত্রেই সে সব প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ কাঙ্খিত সময়ের মধ্যে হয় না। জমি অধিগ্রহণ বিলম্বিত হলে জমির প্রকৃত মূল্য ডিপিপিতে অনুমোদিত ব্যয় অপেক্ষা বেড়ে যায়। বর্ধিত মূল্য অনুমোদনসহ অর্থ বিভাগ কর্তৃক অর্থ ছাড়ে আরো কিছু সময় ব্যয় হয়। বেশির ভাগ ক্ষেত্রেই অধিগ্রহণকৃত এলাকার স্থানীয় অধিবাসীরা প্রকল্প বাস্তবায়নের বিরুদ্ধাচরণ করে এবং মাঠ পর্যায়ে সক্রিয় উন্নয়ন বিরোধী অপশক্তির ইন্ধন ও অপতৎপরতার কারণে প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়। ইতোমধ্যে নির্মাণ সামগ্রীর মূল্যও বেড়ে যায়। এভাবে প্রকল্পের ব্যয় এবং বাস্তবায়নকাল দুইই বেড়ে যায়। যে কারণে বরাদ্দ প্রাপকদের নিকট প্লট/ফ্ল্যাট হস্তান্তরে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। বিদ্যমান প্রতিকূলতা মোকাবেলা করে ঢাকা মহানগরীর সর্বস্তরের মানুষের জন্য পর্যায়ক্রমে শতভাগ আবাসনের ব্যবস্থা করা রাজউকের জন্য একটি বড় চ্যালেঞ্জ। পাশাপাশি অননুমোদিতভাবে আবাসন প্রকল্প ও স্থাপনা নির্মাণ বন্ধ করে Detailed Area Plan (DAP) এবং বিদ্যমান আইন ও বিধিমালা মোতাবেক পরিকল্পিত নগর উন্নয়ন রাজউকের আরেকটি বড় চ্যালেঞ্জ।

<u>ভবিষ্যত পরিকল্পনা:</u>

Detailed Area Plan (2016-2035) চূড়ান্তকরণ, পূর্বাচল নতুন শহর, উত্তরা ৩য় পর্ব ও ঝিলমিল আবাসিক প্রকল্প এবং উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে উন্নয়ন কাজ সম্পন্ন ও সকল প্রকার নাগরিক সুবিধার সংস্থান করে জনসাধারণের বাস উপযোগী করা, ঢাকা মহানগরীর পরিবেশগত উন্নয়ন ও সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে পূর্বাচল লিংক রোডের উভয় পাশে খাল খনন ও উন্নয়ন, গুলশান-বনানী-বারিধারা ও উত্তরা লেকে বিদ্যমান সুয়ারেজ লাইন বিচ্ছিন্ন করণ, লেক খনন ও লেক পাড় সংরক্ষণ কাজের পাশাপাশি জনগণের বিনোদন সুবিধা সৃষ্টি, আবাসিক প্রকল্প এলাকায় লেক খনন ও উন্নয়ন, বৃক্ষ রোপন ইত্যাদি। ঢাকা শহরে বিদ্যমান আবাসিক ভবনের বাণিজ্যিক ব্যবহার এবং অনুমোদিত ভবনের নকশায় চিহ্নিত কারপার্কিং স্থানের ভিন্ন ব্যবহার রোধ করার মাধ্যমে যানজট লাঘবকরণ ও ইউটিলিটি সার্ভিসের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

১. পূর্বাচল, উত্তরা ৩য় পর্ব ও ঝিলমিল প্রকল্পে প্রায় ৩০০০টি আবাসিক প্লট হস্তান্তর।
২. উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে ৩০০০টি ফ্ল্যাট বরাদ্দ প্রাপকদের নিকট হস্তান্তর।

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

এবং

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ...2017... সালের...৩/৫... মাসের ...20... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

রাজউক এর আওতাধীন এলাকার পরিকল্পিত ও টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

সুষ্ঠ পরিকল্পনা ও গবেষণার মাধ্যমে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য টেকসই, নিরাপদ, সাশ্রয়ী আবাসন এবং পরিকল্পিত নগরায়ন ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ
২. পরিকল্পিত নগরায়ন
৩. সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত দপ্তর সমূহের জন্য অধিক সুযোগ-সুবিধা সম্পন্ন ভবন/অফিস অবকাঠামোর উন্নয়নের লক্ষ্যে রাজউকের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে প্রাতিষ্ঠানিক প্লট উন্নয়ন।
৪. সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মান্নোনয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদান চুক্তি বাস্তবায়ন
৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলী (Functions)

১. রাজউক আওতাধীন এলাকার মাস্টার প্ল্যান, স্ট্রাকচার প্লান এবং ডিটেইল এরিয়া প্লান প্রণয়ন।
২. পরিকল্পিত নতুন শহর নির্মাণ।
৩. যানজট নিরসনে সড়ক এবং সেতু, ওভারপাস, ফ্লাইওভার ইত্যাদি সড়ক অবকাঠামো নির্মাণ, বহুতল কার-পার্কিং নির্মাণ এবং পার্ক ও লেক সংরক্ষণ ও উন্নয়ন
৪. বিদ্যমান আইন ও বিধিমালা মোতাবেক ইমারত নির্মাণ, বেসরকারী আবাসন প্রকল্প অনুমোদন ও উন্নয়ন নিয়ন্ত্রণ।

## সেকশন-২

## সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭ | | ২০১৮-২০১৯ | ২০১৮-২০২০ | | |
| পরিকল্পিত নগর সম্প্রসারণ | পরিকল্পিত নতুন শহর সৃষ্টি | একর | * | * | ৩০০ | ২০০ | ১০০ | বাংলাদেশ পুলিশ, ডেসকো,ঢাকা ওয়াসা, সংশ্লিস্ট সিটি কর্পোরেশন। . | বার্ষিক প্রতিবেদন |

* ২০১৫-২০১৬ অর্থ বছরে ৬২৬ একর ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন হয়। ২০১৬-২০১৭ অর্থ বছরে মার্চ মাস পর্যন্ত ৪২০ একর ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন হয় । কিন্তু ভূমি উন্নয়নকৃত এলাকায় ইউটিলিটি সার্ভিসসহ অন্যান্য নাগরিক সেবা প্রদানের ব্যবস্থা করা যায়নি বিধায় পরিকল্পিত নতুন শহর সৃষ্টির চূড়ান্ত লক্ষ্য অর্জিত হয়নি। এ কারণে কোন অর্জন দেখানো হয়নি।

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭, মার্চ, ২০১৭ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] স্বল্প ও মধ্যম আয়ের পরিবারের জন্য টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ | ৫০ | [১.২] আবাসিক প্রকল্প এলাকার ভূমি উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত ভূমির আয়তন | একর | ১০.০০ | ৬২৬ | ৪২০ | ৪০০ | ৩০০ | ২০০ | ১০০ | ৫০ | ৫০ | ৫০ |
| | | [১.৩] ফ্ল্যাট বরাদ্দকরণ | [১.৩.১] বরাদ্দকৃত ফ্ল্যাট | সংখ্যা | ৫.০০ | ৪৪৮ | ৪২৬ | ৩০০ | ২০০ | ১৫০ | ১০০ | ৫০ | - | - |
| | | [১.৪] ফ্ল্যাট নির্মাণ | [১.৪.১] নির্মিত ফ্ল্যাটের আয়তন | লক্ষ বর্গফুট | ৫.০০ | ১৫ | ৪০ | ৩০.০০ | ২৫.০০ | ২০.০০ | ১৫.০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ |
| | | [১.৫]ফ্ল্যাট হস্তান্তর | [১.৫.১] হস্তান্তরকৃত ফ্ল্যাট | সংখ্যা | ৪.০০ | - | - | ৩০০০ | ২০০০ | ১৫০০ | ১০০০ | ৫০০ | ১০০০ | ১০০০ |
| | | [১.৮] আবাসন প্রকল্প এলাকায় অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | [১.৮.১] রাস্তার দৈর্ঘ্য | কিলোমিটার | ১০.০০ | ৬৬.৭ | ৯৫ | ৮০ | ৬০ | ৪০ | ৩০ | ২০ | ৩০ | ৩০ |
| | | [১.৯] আবাসন প্রকল্প এলাকায় অভ্যন্তরীন রাস্তার সংযোগ সেতু নির্মাণ | [১.৯.১] সেতুর সংখ্যা | সংখ্যা | ৬.০০ | ১৪ | ৮ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৩ | ৩ |
| | | [১.১০] লেক খনন | [১.১০.১] খননকৃত লেকের দৈর্ঘ্য | কিঃমিঃ | ১০.০ | - | ৪.১১ | ৫.০ | ৪.০ | ৩.০ | ২.০ | ১.০ | ২.০ | ৩.০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যে মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২020 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭, মার্চ, ২০১৭ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [২] পরিকল্পিত নগরায়ন | ২৩ | [২.১] ভবন/স্থাপনা পরিদর্শন । | [২.১.১] পরিদর্শনকৃত ভবনের সংখ্যা | সংখ্যা | ৪.০০ | - | - | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ৩০০০ | ৩০০০ |
| | | [২.২] অবৈধ/অননুমোদিত স্থাপনা উচ্ছেদ। | [২.২.১] উচ্ছেদকৃত ভবন/স্থাপনার সংখ্যা | সংখ্যা | ২.০০ | - | - | ২৬৫ | ২০০ | ১৫০ | ১২৫ | ১০০ | ২০০ | ২০০ |
| | | [২.৩] ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান/নিস্পত্তি | [২.৩.১] প্রদানকৃত/নিস্পত্তিকৃত / ছাড়পত্রের সংখ্যা | সংখ্যা | ৬.০০ | ৩৯৯৬ | ২৭৭৭ | ৩০০০ | ২২৫০ | ২০০০ | ১৫০০ | ১২৫০ | ২০০০ | ২০০০ |
| | | [২.৪] ভবনের প্ল্যান অনুমোদন/নিস্পত্তি | [২.৪.১] অনুমোদন/নিস্পত্তি কৃত প্ল্যান। | সংখ্যা | ৬.০০ | ৪৭১০ | ৪৪৩১ | ৩৫০০ | ৩২৫০ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ২৫০০ | ২৫০০ |
| | | [২.৫] **Detailed Area Plan (DAP)** হালনাগাদ | [২.৫.১] Draft Plan এর উপর জনমত যাচাইকরণ। | তারিখ | ৫.০০ | ২০.০৬.১৬ তারিখে সার্ভে সম্পাদন করা হয়েছে। | - | ৩১.১২.২০১৭ | - | - | - | - | - | - |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যে মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭ (মার্চ, ২০১৬ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [৩] মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার জন্য আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন ভবন/অফিস/অবকাঠামোর উন্নয়ন | ৩.০ | [৩.৪] সরকারী/আধা-সরকারী/বৈদেশিক/কূটনৈতিক দপ্তর/প্রতিষ্ঠানের অনুকূলে জমি বরাদ্দ প্রদান। | [৩.৪.১] বরাদ্দকৃত জমি | একর | ৩.০ | ১৪ | ৩৮.৯১৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ২ | ৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যে মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন * ২০১৬-২০১৭ (মার্চ, ২০১৭ পর্যন্ত) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| (৫) সরকারি মালিকানাধীন সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ। | ৪.০ | [৫.৪] অবৈধ দখলদার উচ্ছেদপূর্বক সরকারী মালিকানাধীন সম্পত্তি অবৈধ দখলমুক্তকরণ | [৫.৪.১] অবৈধ দখলমুক্ত জমির পরিমাণ | একর | ৪.০ | ২.০১১৫১ | ০.১৭২ | ১ | ০.৭৫ | ০.৫০ | ০.২৫ | ০.১৫ | ১.৫ | ২ |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট নম্বর - ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | | | | | | | | |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি, চেয়ারম্যান, রাজউক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, রাজউক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

20.04.2017
তারিখ

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২০/০৪/১৭
তারিখ

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | গৃগম | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২ | রাজউক | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী ইউনিট এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.২] আবাসিক প্রকল্প এলাকার ভূমি উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত ভূমির আয়তন | আবাসন প্রকল্পসমূহে ৪০০ একর ভূমি উন্নয়ন করা হবে। | পূর্বাচল, উত্তরা ৩য় পর্ব প্রকল্প দপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] ফ্ল্যাট বরাদ্দকরণ | [১.৩.১] বরাদ্দকৃত ফ্ল্যাট | রাজউক ফ্ল্যাট প্রকল্পের আওতায় বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মধ্যে প্রায় ৩০০ ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। | এস্টেট ও ভূমি শাখা | বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] ফ্ল্যাট নির্মাণ | [১.৪.১] নির্মিত ফ্ল্যাটের আয়তন | রাজউকের আওতায় উত্তরা ফ্ল্যাট প্রকল্পে প্রায় ৩০ লাখ বর্গফুট আয়তন বিশিষ্ট (ফ্লোর স্পেস) বিভিন্ন শ্রেণীর ফ্ল্যাট নির্মান করা করবে। | উত্তরা এপার্টমেন্ট প্রকল্প দপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] ফ্ল্যাট হস্তান্তর | [১.৫.১] হস্তান্তরকৃত ফ্ল্যাট | উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে ৩০০০ ফ্ল্যাট হস্তান্তর করা হবে। | উত্তরা এপার্টমেন্ট প্রকল্প দপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| [১.৮] আবাসন প্রকল্প এলাকায় অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | [১.৮.১] রাস্তার দৈর্ঘ্য | আবাসন প্রকল্পসমূহে অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ করা হবে। | পূর্বাচল, উত্তরা ৩য় পর্ব প্রকল্প দপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| [১.৯] আবাসন প্রকল্প এলাকায় অভ্যন্তরীন রাস্তার সংযোগ সেতু নির্মাণ | [১.৯.১] সেতুর সংখ্যা | আবাসন প্রকল্পসমূহে অভ্যন্তরীণ রাস্তার উপর সেতু নির্মাণ করা হবে। | পূর্বাচল, উত্তরা ৩য় পর্ব প্রকল্প দপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| [১.১০] লেক খনন | [১.১০.১] খননকৃত লেকের দৈর্ঘ্য | গুলশান-বনানী-বারিধারা, উত্তরা লেকে খনন কাজ করা হবে। | গুলশান-বনানী-বারিধারা | বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] ভবন/স্থাপনা পরিদর্শন | [২.১.১) পরিদর্শনকৃত ভবনের সংখ্যা | অনুমোদিত নকশা অনুযায়ী ভবন নির্মাণ হচ্ছে কিনা তা তদারকি করা হয়। | উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা | বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] অবৈধ/অননুমোদিত স্থাপনা উচ্ছেদ | [২.২.১] উচ্ছেদকৃত ভবন/স্থাপনার সংখ্যা | নকশা বহির্ভূত স্থাপনা/স্থাপনার অননুমোদিত অংশ উচ্ছেদ করা হয়। | উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা | বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান/নিষ্পত্তি | [২.৩.১] প্রদানকৃত ছাড়পত্রের সংখ্যা | রাজধানীর কোন স্থানে ভবন নির্মাণ করতে হলে উক্ত জমিতে ইমারত নির্মাণ করা যাবে কিনা, ইমারত নির্মাণ করা গেলে কি ধরণের ইমারত নির্মাণ করা যাবে সে বিষয়ে রাজউক হতে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদান করা হয়। | নগর পরিকল্পনা শাখা | বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] ভবনের প্ল্যান অনুমোদন/নিষ্পত্তি। | [২.৪.১] অনুমোদনকৃত প্লান | রাজউক এর আওতাধীন এলাকায় ভবন নির্মাণের জন্য প্ল্যান অনুমোদন দেয়া হয়। | উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা | বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] DAP হালনাগাদকরণ | [২.৫.১] Draft Plan এর উপর জনমত যাচাইকরণ। | T.I. Act এর ধারা ৭৩ অনুসারে Draft Plan এর উপর জনমত যাচাই করা হবে। | DAP প্রকল্প দপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] সরকারী/আধা সরকারী/বৈদেশিক/কূটনৈতিক দপ্তর/প্রতিষ্ঠান এর অনুকূলে জমি বরাদ্দ | [৩.৪.১] বরাদ্দকৃত জমি | রাজউকের এর বিভিন্ন শহর উন্নয়ণ প্রকল্পে সরকারী/আধা-সরকারী/বৈদেশিক/কূটনৈতিক দপ্তর/প্রতিষ্ঠানের অনুকূলে জমি বরাদ্দ প্রদান। | এস্টেট ও ভূমি শাখা | বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৪] অবৈধ দখলদার উচ্ছেদপূর্বক সরকারী মালিকানাধীন সম্পত্তি অবৈধ দখলমুক্তকরণ | [৫.৪.১] অবৈধ দখলমুক্ত জমির পরিমাণ | অবৈধ দখলদার উচ্ছেদ করে সরকারী সম্পত্তি উদ্ধার কার্যক্রম চলমান থাকবে। | উন্নয়ন নিয়ন্ত্রণ/প্রকৌশল/আইন শাখা | বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা-এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|---|
| আইন প্রয়োগকারী সংস্থা | বাংলাদেশ পুলিশ | [১.২] আবাসিক প্রকল্প এলাকার ভূমি উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত ভূমির আয়তন | প্রকল্প এলাকায় অবৈধ ঘর-বাড়ী/স্থাপনা উচ্ছেদ কাজে পুলিশ ফোর্স নিয়োগ | আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ | ৫০% | প্লট হস্তান্তর বিলম্বিত হবে। |
| আইন প্রয়োগকারী সংস্থা | বাংলাদেশ পুলিশ | [৫.৪] অবৈধ দখলদার উচ্ছেদপূর্বক সরকারী মালিকানাধীন সম্পত্তি অবৈধ দখলমুক্তকরণ | [৫.৪.১] অবৈধ দখলমুক্ত জমির পরিমাণ | উচ্ছেদ কাজে পুলিশ ফোর্স নিয়োগ | আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ | ৫০% | সরকারী মালিকানাধীন জমি বেহাত হতে পারে। |